# Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 06 April, 2025

কুড়িগ্রামের নাগেশ্বরীতে দুধকুমার নদীতে গোসল করতে নেমে এক মাদ্রাসা ছাত্র নিখোঁজ হয়েছে।নিখোঁজ মাদ্রাসা ছাত্রের নাম সাজিম (১৩) ইসলাম।সে নাগেশ্বরী বাজারের বাসিন্দা জাহাঙ্গীর আলম মতির ছেলে।সে নাগেশ্বরী দারুল আবরার ক্যাডেট মাদরাসার ছাত্র।
রোববার দুপুরে  উপজেলার বামনডাঙা ইউনিয়নের বড়মানী এলাকায় দুধকুমার নদীতে নিখোঁজ হয় সাজিম।
স্থানীয় ইউপি সদস্য বাদল মিয়া জানান, দুপুরে মাদরাসা ছাত্র সাজিমসহ তিন-চারজন বন্ধু দুধকুমার নদীতে গোসল করতে নামে।নদী ছোট হয়ে যাওয়ায় তারা চারজনে সাতার দিয়ে নদী পারাপার করেছিলো।শেষবার সাতরিয়ে  পূর্ব তীর থেকে পশ্চিম তীরে আ্যাসার সময় সাজিম তলিয়ে যায়।বাকিরা চিৎকার করলে আশপাশের লোকজন এসে নদীতে খোঁজ করতে থাকে। বিকেলে রংপুর থেকে ফায়ার সার্ভিসের ডুবুরি দল এসে উদ্ধার কাজ শুরু করে।

সাজিমের বাবা জাহাঙ্গীর আলম মতি বলেন, সাজিমের সাথে গোসল করতে আসা বন্ধুদের একজন তাকে ফোন করে তার নিখোঁজের বিষয়টি জানায়।তখন থেকেই তিনি ছেলেকে ফিরে পাওয়ার আশায় বসে আছেন নদের কিনারে।

নাগেশ্বরী ফায়ার সার্ভীস স্টেশন এর  ইনচার্য সাইফুল ইসলাম জানান, আজ (রবিবার) সন্ধ্যা পর্যশন্ত উদ্ধার কাজ চলবে, না পাওয়া গেলে আগামী কাল (সমবার) পুনারায় উদ্ধার কাজে নামবে ডুবুরীদল ।
নাগেশ্বরী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রেজাউল করিম রেজা জানান, আমরা খবর পাওয়া মাত্র ফায়ার সার্ভিসের ডুবরী দলকে খবর দেই ।তারা এসে উদ্ধার কাজ শুর করেছে।নিখোঁজ শিশুটি উদ্ধার না হওয়া পর্য ন্ত কাজ চলমান থাকবে।

নিখোঁজ নদী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:46

URL: https://timestodaybd.com/rangpur/391775807